



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-২

Website: www.bb.org.bd

বিআরপিডি-২ সার্কুলার লেটার নং- ০৬

১৫ বৈশাখ ১৪৩৩

তারিখ: -----

২৮ এপ্রিল ২০২৬

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

ব্যাংক-কোম্পানীর কর্মকর্তা/কর্মচারীগণের জন্য উৎসাহ বোনাস প্রদান প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-১২, তারিখ: ০৯ ডিসেম্বর ২০২৫ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- উক্ত সার্কুলারের মাধ্যমে তফসিলি ব্যাংকসমূহকে তাদের কর্মকর্তা/কর্মচারীদের অনুকূলে উৎসাহ বোনাস (Incentive Bonus) প্রদানের পূর্বে কতিপয় শর্ত পরিপালনের নির্দেশনা প্রদান করা হয়।
- এক্ষণে, ব্যাংকিং খাতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের কর্মোদ্দীপনা বৃদ্ধি ও ব্যাংকসমূহের মধ্যে প্রতিযোগিতামূলক পরিবেশ বজায় রাখার স্বার্থে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, উক্ত সার্কুলারের ২ নং অনুচ্ছেদে বর্ণিত শর্তাদি অনুযায়ী কোন বছরে উৎসাহ বোনাস প্রাপ্য না হলে, বিবেচ্য বছরে ব্যাংক-কোম্পানীর বিশেষ কোন অর্জন বিবেচনায় সংশ্লিষ্ট ব্যাংক-কোম্পানীর পরিচালনা পর্ষদ উৎসাহ বোনাস হিসেবে সর্বোচ্চ ০১ (এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রদানের বিষয়টি বিবেচনা করতে পারবে। তবে, সেক্ষেত্রে নিম্নোক্ত বিষয়াদি নিশ্চিত করতে হবেঃ
 - বিবেচ্য বছরে ব্যাংকটিকে অবশ্যই পরিচালন মুনাফা (Operating Profit) অর্জন করতে হবে;
 - পূর্ববর্তী বছরের তুলনায় ব্যাংকের রেগুলেটরী মূলধন হ্রাস না পাওয়া (বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত কোনো বিলম্বিত সঞ্চিতি/ Deferred Provision সংক্রান্ত সমন্বয় ব্যতিরেকে);
 - ব্যাংক কর্তৃক নতুনভাবে কোনরূপ সঞ্চিতি বিলম্বকরণ সুবিধার জন্য আবেদন না করা।
- বিআরপিডি সার্কুলার নং-১২/২০২৫ এ বর্ণিত অন্যান্য নির্দেশনাসমূহ অপরিবর্তিত থাকবে।
- ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (২০২৩ পর্যন্ত সংশোধিত) এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।
- এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আলা উদ্দিন)
পরিচালক (বিআরপিডি-২)
ফোন: ৯৫৩০০৯৫